



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
বিস্বনেস চেম্বেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।



বৃহৎ শস্য বৃদ্ধির দিকে
আমরা যাবো সবার সাথে

নং-প্রকা/বিডিডি/মুক্তিযোদ্ধা হিসাব/ ৩৩

তারিখঃ ১৩-০১-২০২২

জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার(ইনচার্জ)/
ডেপুটি জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার(ইনচার্জ)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সকল জেনারেল ম্যানেজার'স অফিস
স্থানীয় কার্যালয়, ঢাকা/রমনা কর্পোরেট শাখা, ঢাকা/
বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা/ওয়েজ আর্নিস কর্পোরেট শাখা, ঢাকা/
সকল কর্পোরেট শাখা/সকল প্রিন্সিপাল অফিস/সকল আঞ্চলিক কার্যালয়
সকল শাখা সমূহ
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ

বিষয় : বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান ও ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ১০(দশ) টাকার ব্যাংক হিসাব হতে অনলাইন চার্জ/ ফি সহ অন্যান্য চার্জ কর্তন না করার আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ), প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকার ৩০ ডিসেম্বর-২০২১ তারিখের বিআরপিডি (পি)/৭৬০/০২(সার্ভিস চার্জ)/২০২১-১২৪৩৮ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য।

২.০০% সূত্রোক্ত পত্রের বিআরপিডি সার্কুলার নং-০৪/২০১১ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনার যথাযথ অনুসরণ নিশ্চিতকরণ এবং বীর মুক্তিযোদ্ধাদের ব্যাংক হিসাব হতে অনলাইন চার্জসহ অন্য সকল প্রকার চার্জ কর্তন না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, ডিজিট্যাল এন্ড কন্ট্রোল ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকার প্রধান কার্যালয়ের ইন্সট্রাকশন নং ২৮৫, তারিখ ১৮ এপ্রিল, ২০১১ (কপি সংযুক্ত) মোতাবেক মুক্তিযোদ্ধাদের ১০(দশ) টাকা হিসাব হতে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না মর্মে নির্দেশনা দেয়া হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক বীর মুক্তিযোদ্ধাদের ব্যাংক হিসাব হতে অনলাইন চার্জসহ অন্য সকল প্রকার চার্জ কর্তন না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(শাহিনাজ বেগম)
ডেপুটি জেনারেল ম্যানেজার
সংযুক্তি- কর্তৃক মোতাবেক।